

অভিনব পদ্ধতিতে মানুষের পাশে

আমরা চাইলেই আমাদের চারপাশের দরিদ্র প্রতিবেশী, রিকশা চালক, দিনমজুর-এমন কাজের সুযোগ হারানো মানুষের বাসায় চাল, ডাল, আলু, পিঁয়াজ, তেল, সাবান পৌঁছে দিয়ে সহায়তা করতে পারি। যার যতটুকু আছে ততটুকু দিয়েই সাহায্য করা যেতে পারে। এই কথাগুলো বলেছেন ইয়ুথ এন্ডিং হাঙ্গার সিলেট জেলার সমন্বয়ক মোমিনুল হক ফাহিম। করোনাসংকটের দুঃসময়ে তিনি মানুষের পাশে দাঁড়ানোর আহ্বান জানান।



ফাহিম নিজে মানুষের পাশে থাকার জন্য একটি অভিনব পদ্ধতি অবলম্বন করছেন। তিনি কিছু মানুষকে সহযোগিতা করে সেই তথ্য তার পাঁচজন বন্ধুকে সোশ্যাল মিডিয়ায় ট্যাগ করেন এবং তাদেরকে এই চ্যালেঞ্জটিতে গ্রহণ করার জন্য আহ্বান জানান। তিনি নিজেও এই চ্যালেঞ্জে অংশগ্রহণ করে সমস্যাগ্রস্ত

মানুষের মাঝে সহায়তা সামগ্রীর প্যাকেট পৌঁছে দেন। তার প্রতিটি সহায়তা প্যাকেটে ছিল এক কেজি করে চাল, ডাল, আলু, আধা কেজি পেঁয়াজ, আধা লিটার তেল এবং একটি করে সাবান। প্রতি প্যাকেটের জন্য খরচ হয় ২৩৫ টাকা।



ফাহিম তার চ্যালেঞ্জে জানান, চ্যালেঞ্জ গ্রহণ করে নিজের বাসা থেকে বা কিনে যার যার সাধ্যমতো সহায়তা দিতে পারেন। যদি একজন একটি পরিবারকে মাত্র এক কেজি চালও দিতে পারেন, তিনিও চ্যালেঞ্জে অংশ নিতে পারেন। ২৪ ঘণ্টার মধ্যে এই চ্যালেঞ্জ গ্রহণ

করতে হবে এবং বাসার কাছাকাছি বা পরিচিতদের মধ্যে সহায়তা দিতে হবে। সহায়তা প্রদানের ক্ষেত্রে অবশ্যই স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে বলে তিনি উল্লেখ করেন। অংশগ্রহণকারী প্রত্যেকেই সহায়তা প্রদানের ছবি

ফেসবুকে পোস্ট করে আরও পাঁচজন করে বন্ধুকে চ্যালেঞ্জে যুক্ত করবেন। এবং এভাবে অনেকের মাঝে মানবিক সেবা ছড়িয়ে যাবে।

গত ২৩ মার্চ ২০২০ তারিখে শুরু করা এই ব্যতিক্রমী উদ্যোগের মাধ্যমে এখন পর্যন্ত প্রায় এক হাজার ৫০টি পরিবারের মধ্যে এই প্রক্রিয়ায় খাবার পৌঁছে গেছে, যার আর্থিক মূল্য তিন লক্ষ ১২ হাজার টাকা। এই কার্যক্রমটি সিলেট শহরের জিন্দাবাজার, বন্দরবাজার, লামা বাজার, রিকাবীবাজার, আম্বরখানা, দরগা গেইট, চৌহাটা, মিরাবাজার এলাকায় ছড়িয়ে পড়েছে।

ওরা মানবতার পথ হারায়নি

ইয়ুথ এন্ডিং হাঙ্গারের উদ্যোগে যশোর জেলার মনিরামপুর উপজেলার মনোহরপুর ইউনিয়নের খাকুন্দি ও মনোহরপুর গ্রামে অতিদরিদ্রদের মধ্যে খাদ্যসামগ্রী বিতরণ করা হয়েছে। গত ১৭ জুন ইয়ুথ সদস্য মোঃ আবু সাঈদের নেতৃত্বে দশ জন ইয়ুথ সদস্যের যৌথ উদ্যোগে ১২৩টি পরিবারের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়। স্থানীয় গণ্যমান্য ব্যক্তিদের সহযোগিতা ও নিজেদের সঞ্চিত অর্থ দিয়ে পাঁচ কেজি চাল, আধা কেজি ডাল, এক কেজি আলু, আধা কেজি তেল ও একটি সাবানসহ রাতে বাড়ি বাড়ি খাদ্যসামগ্রী পৌঁছে দেয় ইয়ুথ সদস্যরা।



তাদের এমন উদ্যোগে স্থানীয়ভাবে নির্মিত হয়েছে মানবতার নতুন উদাহরণ, নতুন পথ। অসহায় মানুষের জন্য এমন কার্যক্রম অব্যাহত থাকবে এমনটি জানান সাঈদ।

f LIVE

জাতীয় বাজেট: তরুণের ভাবনা

আয়োজক: ইয়ুথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশ
সহযোগিতায়: দি হাঙ্গার প্রজেক্ট

তারিখ: ২৫শে জুন ২০২০
সময়: সকাল ৯টা

চোখ রাখুন ইয়ুথ এন্ডিং হাঙ্গার বাংলাদেশ ফেসবুক পেজে

Facebook.com/YEHBD

